



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০২-৫৮০৫১০১০

ই-মেইল: regoffice@bsrmu.edu.bd, ওয়েবঃ www.bsrmu.edu.bd

স্মারক নং বিএসএমআরএমইউ/রেজিঃ/এ্যাডমিশন-৩৮০/২৩/ ৫৮২

তারিখঃ ৩০ মার্চ ২০২৩

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা: ২০২২-২০২৩

পরীক্ষার্থীগণের জন্য নির্দেশাবলী

- ১। পরীক্ষা শুরু হওয়ার ন্যূনতম ৩০ মিনিট পূর্বে স্ব-স্ব কেন্দ্রে উপস্থিত হয়ে আসন বিন্যাস মোতাবেক আসন গ্রহণ করতে হবে।
- ২। প্রশ্ন উভয় পৃষ্ঠায় স্পষ্টভাবে মুদ্রিত আছে কিনা নিশ্চিত হতে হবে। উভয় পৃষ্ঠায় না থাকলে প্রশ্নপত্র পরিবর্তনের জন্য পরিদর্শককে অবহিত করতে হবে।
- ৩। OMR Sheet এবং লিখিত পরীক্ষার উত্তরপত্র পাওয়ার পর নির্ধারিত স্থানে নাম ও অন্যান্য তথ্যাবলী লিপিবদ্ধ করতঃ স্বাক্ষর করতে হবে।
- ৪। OMR Sheet-এ 'Applicants's Group', 'Set', এবং "Exam Roll No." এর বৃত্ত সমূহ যথাযথভাবে ভরাট করতে হবে। এখানে কোন প্রকার ঘষামাজা অথবা কাটাকাটি করলে উত্তরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৫। পরীক্ষার্থীগণ কোন অবস্থাতেই বই, কাগজপত্র, ব্যাগ, মোবাইল ফোন, ঘড়ি, ক্যামেরা, এটিএম কার্ড, ব্লুটুথ ডিভাইস নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।
- ৬। সকল অনুষদের পরীক্ষার্থীগণ নিম্নোক্ত ক্যালকুলেটর সমূহের মডেলের বাইরে অন্য কোন ব্র্যান্ড/মডেলের ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে নাঃ

ব্র্যান্ড	মডেল
CASIO Scientific Calculators	fx-95ES PLUS, fx-100MS, fx-115MS, fx-350EX, fx-82EX, fx-350MS, fx-570ES, fx-570ES PLUS, fx-570MS, fx-991MS
CANON Scientific Calculators	F718S, F718SA, F718SG, F718SGA
SHARP Scientific Calculators	EL509X, EL531XH

৭। শুধুমাত্র ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স এন্ড পলিসি এবং ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন অনুষদ এর অধীনে ভর্তি পরীক্ষার বিষয়বস্তু হবে নিম্নরূপঃ

- ক। ভর্তি পরীক্ষায় নিম্নোক্ত তিনটি বিভাগের (Group) জন্য আবশ্যিক বিষয় হচ্ছেঃ বাংলা, ইংরেজি ও আইসিটি
- খ। চতুর্থ আবশ্যিক বিষয় বিভাগ (Group) ভিত্তিক নিম্নরূপঃ

বিভাগ (Group)	বিজ্ঞান	বাণিজ্য	মানবিক
বিষয়	গণিত	হিসাব বিজ্ঞান	সাধারণ জ্ঞান

৮। প্রবেশপত্র, OMR Sheet, লিখিত পরীক্ষার উত্তরপত্র এবং Attendance Sheet-এর স্বাক্ষরসমূহ অবশ্যই এক হতে হবে।

৯। পরীক্ষা চলাকালীন কোন পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করবে না। পরীক্ষা শেষে পরীক্ষার্থীর কাছ থেকে MCQ Paper, OMR Sheet ও লিখিত পরীক্ষার উত্তরপত্র সংগ্রহ করার পর নির্দেশ না দেওয়া পর্যন্ত পরীক্ষার্থীগণ কক্ষে অবস্থান করবে।

১০। পরিদর্শক OMR Sheet এবং লিখিত পরীক্ষার উত্তরপত্রে স্বাক্ষর করেছেন কিনা তা পরীক্ষার কক্ষ ত্যাগ করার পূর্বে নিশ্চিত হতে হবে।


এম সাজেদুল করিম
কমডোর, বিএন
ডীন, এফএসএ

ও

সভাপতি, অনার্স ভর্তি কমিটি